

💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযা বিষয়ে প্রশ্লাবলী

রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয় ইব্ন আব্দুল্লাহ ইব্ন বায় রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ২৩ - মৃত যদি কোন ভিন্ন দেশের শ্রমিক হয় এবং তার অভিভাবকগণ লাশের দাবি করে, কিন্তু লাশ পৌঁছানোর প্রচুর খরচের সাথে সাথে তাকে দীর্ঘদিন বক্সে রাখতে হয়, যার কারণে তার নাড়িভুড়ি পর্যন্ত গলে যাওয়ার সম্ভাবনা থাকে, এমতাবস্থায় কফিল কি তাকে মৃত্যুর স্থানেই দাফন করবে, না অভিভাবকদের দাবি অনুযায়ী তার দেশে পাঠিয়ে দেবে?

উত্তর - জীবিত-মৃত সর্বাবস্থায় প্রতিটি মুসলিম মর্যাদার অধিকারী, তাই কোন মুসলমানের লাশ স্থান্তরের মধ্যে যদি প্রশ্নে বর্ণিত সমস্যার সম্ভাবনা থাকে তাহলে কোন অবস্থাতেই একজন মুসলমানের লাশ স্থানান্তর করা জায়েয হবে না। যেখানে তার মৃত্যু হয়েছে সেখানেই তার দাফন হবে, এটাই শরিয়ত স্বীকৃত নিয়ম। হ্যাঁ, যদি তার লাশ স্থানন্তরের উপর ধর্মীয় কোন কল্যাণ নির্ভরশীল হয়, এবং স্থানান্তর না করলে মুসলিমগণ তা হতে বঞ্চিত হবে, আর স্থানান্তর দ্বারা প্রশ্নে বর্ণিত লাশ বিকৃতির সমস্যাও না-থাকে তাহলে স্থানান্তর করা যেতে পারে।
হ্যাঁ, যদি আরব উপদ্বীপে কোন কাফেরের মৃত্যু হয় তাহলে অবশ্যই তার লাশ স্থানান্তর করতে হবে। কোন অবস্থাতেই তাকে আরব উপদ্বীপে দাফন করা জায়েয হবে না। রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অমুসলিদেরকে সেখান থেকে বের করে দেয়ার জন্য অসিয়ত করেছেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেছেন,

«لايجتمع فيها دينان» (رواه أحمد)

"আরব উপদ্বীপে কখনো দু'টি ধর্ম একত্র হতে পারে না"। (আহমদ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14956

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন